

১০০৯
৪৬

প্রাইভেট ভার্সিটির আউটার ক্যাম্পাস বন্ধ করতে চলতি সপ্তাহেই চিঠি দেবে মঞ্জুরি কমিশন

মোশতাক আহমেদ : দেশের প্রাইভেট বিশ্ববিদ্যালয়ের
আউটার ক্যাম্পাস আনুষ্ঠানিকভাবে বন্ধ করে দিতে চলতি
সপ্তাহেই বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে চিঠি দেবে
(৩ পৃষ্ঠা ৩-এর ৩য় সেকশন)

প্রাইভেট ভার্সিটির (১২-এর পাতার পর)

বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন (ইউজিসি)। চিঠিতে আউটার
ক্যাম্পাস সম্পর্কে বিভিন্ন তথ্যও চাওয়া হবে। তবে একটি
সূত্র বলেছে, আগে কারণ দর্শাতেও কলা হতে পারে।
অন্যদিকে আউটার ক্যাম্পাসের নামে শিক্ষা বাণিজ্য
টিকিয়ে রাখতে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ উঠে পড়ে লেগেছে।
সরকারের এই সিদ্ধান্তকে বন্ধ করার জন্য তারা নানা চেষ্টা
ওড়িয়ে শুরু করেছে বলে নির্ভরযোগ্য সূত্রে জানা গেছে।
তবে সরকার তাদের সিদ্ধান্ত বাস্তবায়নে অনড়। তাদের
বক্তব্য যারা এই সিদ্ধান্তের বিরোধিতা করবে তাদেরই
সমস্যা হবে। এই সিদ্ধান্তের প্রতিবাদ জানিয়ে রাজশাহীতে
একটি আউটার ক্যাম্পাসে বিক্ষোভ মিছিল করায় জরুরী
অবস্থা তত্ত্বের অভিযোগে আট শিক্ষার্থীকে আটক করা
হয়েছে। সরকারের বক্তব্য হচ্ছে শিক্ষার নামে কাউকে
বাণিজ্য করতে দেয়া হবে না।
শিক্ষার নামে বাণিজ্য করার অভিযোগে কয়েক দিন আগে
শিক্ষা মন্ত্রণালয় দেশের বেসরকারী বিশ্ববিদ্যালয়ের সকল
বৈধ-অবৈধ আউটার ক্যাম্পাস বন্ধের সিদ্ধান্ত নেয়। একই
সঙ্গে বেসরকারী বিশ্ববিদ্যালয়ের অধীনে দূর শিক্ষণের
মাধ্যমে বিএড-এমএড কোর্সও বন্ধ করার সিদ্ধান্ত হয়।
এই সিদ্ধান্তের মাধ্যমে বৈধ-অবৈধ সকল আউটার
ক্যাম্পাসে নতুন করে আর ছাত্র ভর্তি করা যাবে না।
একইভাবে দূর শিক্ষণ কোর্সেও নতুন করে ছাত্র ভর্তি
চলবে না।

খোদ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের চেয়ারম্যান নজরুল
ইসলাম বলেছেন, বৈধ-অবৈধ সকল আউটার ক্যাম্পাসের
বিস্তৃতি আইন ও নীতি-নেতিকতা বিচারন দিয়ে শিক্ষা
বাণিজ্যের ব্যাপক অভিযোগ রয়েছে।

প্রকাশিত সংবাদ প্রসঙ্গে আহসানউল্লা ভার্সিটি কর্তৃপক্ষের বক্তব্য

দৈনিক জনকণ্ঠে পত ৮ আগস্ট প্রকাশিত 'শিক্ষা বাণিজ্য
আউটার ক্যাম্পাস বন্ধ' শীর্ষক সংবাদ প্রসঙ্গে আহসানউল্লা
ইউনিভার্সিটি কর্তৃপক্ষ বলেছে, সংবাদে প্রকাশিত হয়েছে
যে, বর্তমানে প্রায় দশটির মতো প্রাইভেট বিশ্ববিদ্যালয়
ক্যাম্পাস বুলে সার্টিফিকেট বানিজ্য করেছে এবং এই দশটি
বিশ্ববিদ্যালয়ের মধ্যে আহসানউল্লা ইউনিভার্সিটির নাম
অন্তর্ভুক্ত আমাদের হতবাক ও মর্মাহত করেছে। তারা
বলে, ঢাকাই আহসানউল্লা ইউনিভার্সিটি অব সায়েন্স এন্ড
টেকনোলজির আউটার ক্যাম্পাস রাজশাহীতে ১৫২/১৫৩,
তলাইমারি, অফিসরপাড়ায় ২০০৪ সালে স্থাপিত হয়। এ
বিশ্ববিদ্যালয়ের আউটার ক্যাম্পাস সরকারের শিক্ষা
মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত। আউটার ক্যাম্পাসে ভর্তিকৃত
ছাত্র-ছাত্রী বর্তমানে ৪র্থ বর্ষ প্রথম সেমিস্টারে অধ্যয়নরত
এবং তাদের হুড্ডাস্ত পরীক্ষা একই প্রস্তুত্রে ঢাকা
ক্যাম্পাসের ছাত্রছাত্রীদের সঙ্গে ২০০৮ সালের মার্চ মাসে
অনুষ্ঠিত হবে। উল্লেখ্য, রাজশাহী ক্যাম্পাসের কোন
ছাত্রছাত্রীর হুড্ডাস্ত পরীক্ষায় অংশগ্রহণ করে উত্তীর্ণ হয়ে
ডিগ্রী অর্জন করার সময় এখনও আসেনি। সুতরাং
সার্টিফিকেট প্রদান অথবা সার্টিফিকেট বাণিজ্যের কোন
প্রস্তুতি-আসে না। বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার আলি আহসানউল্লা
স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে কর্তৃপক্ষ এই বক্তব্য দিয়েছে।